



ପଞ୍ଜୀ ଦାରିଦ୍ର୍ୟ ବିମୋଚନ ଫାଉଡେଶନ (ପିଡ଼ିବିଏଫ୍)

প্রধান কার্যালয়

বাড়ী নং-০৫, এভিনিউ - ০৩, হাজীরোড, বৃন্দপুর থানা, মিরপুর-০২, ঢাকা-১২১৬
www.pdbf.gov.bd



পত্র সংখ্যা: ৪৭.৬৬.০০০০.০১০.১৮.০০৩৫.০৪(পার্ট-১)- ৮৮৮

ତାରିଖ: ୦୭/୧୨/୨୦୨୩ ଯି.

प्रिय सहकारी,

ଆମାର ଆନ୍ତରିକ ଶୁଭେଷ୍ଠା ପ୍ରହଳ କରନୁ ।

সম্প্রতি উদ্বেগজনক হারে মোটরসাইকেল দুর্ঘটনা বেড়ে গেছে। ইত: মধ্যে বেশ কয়েকজন সহকর্মী মোটরসাইকেল দুর্ঘটনায় প্রাণ হারিয়েছেন। তাঁদের অকাল মৃত্যুতে পিভিএফ গভীর ভাবে শোকাহত ও মর্মাহত। তাঁদের প্রতি গভীর সমবেদন জানাচ্ছি। অনেক সহকর্মী শুরুতর আহত হয়ে চিকিৎসাধীন রয়েছেন। তাঁদের প্রতিও সহযোগিতা জ্ঞাপন করছি। মোটরসাইকেল চালনাকালে চালক ও আরোহী উভয়ের ক্ষেত্রে হেলমেটসহ নিরাপত্তামূলক অন্যান্য ব্যবস্থাদি অবলম্বন করা হচ্ছে না, ফলে দুর্ঘটনার সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। অতিরিক্ত গতি, ওভারটেকিং, নিয়ম না জানা বা না মানা ইত্যাদি কারণেও দুর্ঘটনা ঘটছে। এ বিবেচনায় মোটরসাইকেল দুর্ঘটনা এড়ানোর জন্য প্রয়োজনীয় অন্যান্য সর্তকর্তা অবলম্বন ছাড়াও নিম্নলিখিত নির্দেশনাবলী অনুসরণ করার জন্য বিশেষ ভাবে অনুরোধ করছি :

০২. মোটরসাইকেল চালানো অবস্থায় মোবাইল ফোন বা ইয়ারফোন ব্যবহার করবেন না। ট্রাফিক আইন, ট্রাফিক সাইন ইত্যাদি অনুপ্রজ্ঞাবে মেনে চলবেন;
 ০৩. সবসময় হেলমেট পরে মোটরসাইকেল চালাবেন;
 ০৪. প্রতি ০৩ (তিনি) মাসে অন্তত একবার হলেও শারীরিক ফিটনেস পরীক্ষা করবেন;
 ০৫. শারীরিক ভাবে সুস্থ কিনা তা নিশ্চিত হয়ে মোটরসাইকেল চালাতে হবে;
 ০৬. বেগরোয়া গতি, বার বার লেন পরিবর্তন ও ডারাটেকিং পরিহার করে গাড়ী চালাতে হবে;
 ০৭. মানসিক সুস্থিতি বজায় রেখে গাড়ী চালাতে হবে।
 ০৮. ফিটনেসবিহীন মোটরসাইকেল চালানো যাবে না;
 ০৯. মোটরসাইকেল চালক ও আরোহী উভয়েই সঠিকভাবে নিরাপত্তা সরঞ্জামাদি (Chest gurd, Knee Guard, Elbow gurd, গোড়ালি ঢাকা জুতা বা কেডস সম্পূর্ণ আঙুল ঢাকা গ্রাউন্ডস এবং ফুলপ্যান্ট, ফুল শার্ট) ব্যবহার করবেন;
 ১০. শুধুমাত্র জরুরি প্রয়োজনে স্বল্প দূরত্বে মোটর সাইকেল ব্যবহার করুন, দূরপাল্লায় মোটরসাইকেল ব্যবহার করবেন না, মোটরসাইকেল চালনাকালে একজনের বেশি আরোহী বহন করবেন না;
 ১১. অধিকাংশ ক্ষেত্রে মোড় বা বাঁক ঘোরার সময় মোটরসাইকেল কাত হয়ে পড়ে যায়, এ কারণে যে কোন মোড়/বাঁক ঘোরার আগে বা রাস্তার বাঁক অতিক্রম করার সময় নিয়ন্ত্রণ উপযোগী স্বল্প গতিতে মোটরসাইকেল চালাবেন;
 ১২. হালনাগাদ বৈধ কাগজপত্র (ডাইভিং লাইসেন্স, রেজিস্ট্রেশন সার্টিফিকেট, ট্যাঙ্ক-টোকেন ইত্যাদি) এবং রেট্রো-রিফ্রেষ্টিক নাখার প্লেট ব্যক্তিত মোটরসাইকেল চালাবেন না;
 ১৩. সবসময় ট্রাফিক আইনের প্রতি লক্ষ্য করে মোটরসাইকেল চালাতে হবে;

ମୁହାନ ମୁଣ୍ଡା ଆପନାକେ, ଆଗନାର ପରିଜନକେ ଏବଂ ସକଳ ସହକରୀଙ୍କେ ନିରାପଦେ ରାଖୁନ, ଏହି ପରମ ପ୍ରାର୍ଥନା ।

 John Doe
09.02.2024

(মুহূর্ম মডেলডেভ রশীদ সফদার)

ব্যবস্থাপনা পরিচালক

ফোন: ০২-৮০২৯২৬

ई-मेल: pdbfmd@gmail.com